



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন  
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭  
web: www.ugc.gov.bd



মজিব  
শতবর্ষ  
100

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.১৭২.৪০.০০১.২১.১১৩

তারিখ: ২১ আশ্বিন ১৪২৮

০৬ অক্টোবর ২০২১

বিষয়: সকল পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ে **Institutional Quality Assurance Cell (IQAC)**-এর পুনঃসংশোধিত অর্গানোগ্রাম অনুসরণ প্রসঙ্গে।

সূত্র: ১। বিমক/এসপি/কিউএ/এসপি/২(১)/২০১৫/২৮৪ তারিখ: ১০/০১/২০১৯

২। বিমক/এসপি/কিউএ/এসপি/২(১)/২০১৫/৫৬৪ তারিখ: ২০/০১/২০১৯

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, কমিশনের ১৫৩ তম পূর্ণ কমিশন সভায় অনুমোদিত **Institutional Quality Assurance Cell (IQAC)**-এর সংশোধিত অর্গানোগ্রাম অনুসরণের জন্য কমিশনের এসপি/কিউএ বিভাগ কর্তৃক সুত্রোক্ত পত্র মারফত সকল পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ইতোপূর্বে নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। পরবর্তীতে আইকিউএস'র কর্মপরিধি এবং এর পরিচালক ও অতিরিক্ত পরিচালকগণের দায়িত্বাবলী নির্ধারণ করে অর্গানোগ্রামে অন্তর্ভুক্তপূর্বক পুনঃসংশোধিত সংস্করণ প্রস্তুত করা হয় যা কমিশন কর্তৃপক্ষ কর্তৃক ২৬-০৯-২০২১ তারিখে অনুমোদিত হয়েছে। বর্ণিত সংশোধিত অর্গানোগ্রামের অত্যাৱশ্যকীয় শর্তাবলি নিম্নরূপ:

(ক) পরিচালক ও অতিরিক্ত পরিচালক নিয়োগের ক্ষেত্রে অর্গানোগ্রাম অনুযায়ী যোগ্যতা ও সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতার বিষয়টি যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(খ) পরিচালকের মেয়াদ পূর্ণ হলে কিংবা পরিচালক পদ শূন্য হলে নতুন পরিচালক নিয়োগের ক্ষেত্রে, চলমান কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার স্বার্থে, কর্তব্যরত বা প্রাক্তন আইকিউএসি-এর অতিরিক্ত পরিচালক(বৃন্দ)-এর মধ্য থেকে চাহিত অভিজ্ঞতা ও দক্ষতাসম্পন্ন অধ্যাপক পদমর্যাদার একজনকে পরিচালক পদে নিয়োগে অগ্রাধিকার দেয়া যেতে পারে;

(গ) নিজ বিশ্ববিদ্যালয়ের বাইরে অন্য কোনো বিশ্ববিদ্যালয়, প্রতিষ্ঠান বা ইনস্টিটিউটে খণ্ডকালীন/চুক্তিভিত্তিক শিক্ষকতায় নিযুক্ত কিংবা কোনো এডভাইজার, কো-অর্ডিনেটর বা এ ধরনের পদে কর্তব্যরত শিক্ষককে বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি-এর পরিচালক বা অতিরিক্ত পরিচালক পদে নিয়োগ দেয়া যাবে না;

(ঘ) নিযুক্ত আইকিউএসি-এর পরিচালক এবং কোনো অতিরিক্ত পরিচালককে স্ব স্ব বিশ্ববিদ্যালয়ের শিক্ষকতা ব্যতীত প্রশাসনিক বা অন্য কোনো গুরুত্বপূর্ণ পদের দায়িত্ব প্রদান করা যাবে না। নিয়োগপ্রাপ্ত আইকিউএসি-এর কোনো পরিচালক বা অতিরিক্ত পরিচালক পূর্ব থেকে এ ধরনের প্রশাসনিক বা অন্য কোনো গুরুত্বপূর্ণ পদের দায়িত্বে থাকলে অনতিবিলম্বে তাঁকে উক্ত অতিরিক্ত দায়িত্ব থেকে অথবা আইকিউএসি-এর সংশ্লিষ্ট দায়িত্ব থেকে অব্যাহতি দিতে হবে;

(ঙ) নিযুক্ত আইকিউএসি-এর পরিচালক এবং অতিরিক্ত পরিচালক-এর টিচিং লোড যৌক্তিক পর্যায়ে হ্রাস করতে হবে। তাঁর নিজ বিভাগ বা ইনস্টিটিউটে একটির বেশি কোর্সের পাঠদানের দায়িত্ব নেয়া সমীচীন হবে না;

(চ) নিযুক্ত আইকিউএসি-এর পরিচালক ও অতিরিক্ত পরিচালক-এর প্রতিটি মেয়াদকাল হবে ০৩ (তিন) বছর। এক্ষেত্রে একাধিক মেয়াদে দায়িত্ব প্রদানে কোনো বাধা থাকবে না; এবং

(ছ) বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি-এর কর্মকর্তা-কর্মচারী নিয়োগের নিমিত্ত বহল প্রচারিত জাতীয় দৈনিকে বিজ্ঞাপন প্রকাশ করতে হবে এবং এক্ষেত্রে অনুমোদিত অর্গানোগ্রাম অনুযায়ী যোগ্যতা ও অভিজ্ঞতার বিষয়টি আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে।

৩। এমতাবস্থায়, কমিশন কর্তৃক অনুমোদিত IQAC-এর পুনঃসংশোধিত অর্গানোগ্রামসহ এর কার্যপরিধি এবং পরিচালক ও অতিরিক্ত পরিচালকগণের দায়িত্বাবলী যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালনের জন্য এতদসঙ্গে প্রেরিত হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

সংযুক্তি: পুনঃসংশোধিত অর্গানোগ্রাম



৬-১০-২০২১

ড. মোঃ ফখরুল ইসলাম

পরিচালক/ চিফ রিসার্চ অফিসার (স্ট্র্যাটেজিক প্ল্যানিং  
এন্ড কোয়ালিটি এসুরেন্স বিভাগ)

বিতরণ :

- ১) উপাচার্য, সকল পাবলিক বিশ্ববিদ্যালয়।
- ২) উপাচার্য, সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়।
- ৩) রেজিস্ট্রার, সকল পাবলিক বিশ্ববিদ্যালয়।
- ৪) রেজিস্ট্রার, সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়।

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.১৭২.৪০.০০১.২১.১১৩/১(৯৯)

তারিখ: ২১ আশ্বিন ১৪২৮  
০৬ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, আইকিউসি, সকল পাবলিক বিশ্ববিদ্যালয়।
- ২) পরিচালক, আইকিউসি, সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়।
- ৩) পরিচালক, বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
- ৪) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
- ৫) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (উপ-সচিব), ইউজিসি, ঢাকা।
- ৬) সিনিয়র সহকারী সচিব, সদস্য (ড. বিশ্বজিৎ চন্দ্র সদস্য মহোদয়ের দপ্তর), ইউজিসি, ঢাকা।
- ৭) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
- ৮) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), স্ট্র্যাটেজিক প্ল্যানিং এন্ড কোয়ালিটি এসুরেন্স বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।



৬-১০-২০২১

বিষ্ণু মল্লিক

উপ-পরিচালক (কোয়ালিটি এসুরেন্স)